



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (সংশোধিত)
পল্লী ভবন (৭ম তলা)
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫।
www.iresppw-brdb.gov.bd/Fax:8189029

স্মারক নং-৪৭.৬২.০০.০০.৯৬১.০০.৭৭০.১৪-২৬৪৭


তারিখঃ ২৩/০৩/২০১৫ খ্রিঃ

বিষয়ঃ প্রচলিত সাধারণ ট্রেডের বাইরে বিকল্প আইজিএ ভিত্তিক প্রশিক্ষণ ট্রেড নির্বাচন।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (সংশোধিত) এর আওতায় গঠিত মহিলা সমিতির সদস্যদের হাঁস-মুরগি চাষ, গবাদি প্রাণী পালন, মৎস্য চাষ, শাক-সবজি চাষ ও বনায়ন, সেলাই ও এমব্রয়ডারিসহ বিভিন্ন ধরনের আইজিএ ভিত্তিক প্রশিক্ষণ প্রদান অব্যাহত রয়েছে। দরিদ্র মহিলাদের আত্মকর্মসংস্থানের নতুন নতুন ক্ষেত্র সম্প্রসারণের লক্ষ্যে গতানুগতিক এ ধরনের আইজিএ ভিত্তিক ট্রেডে প্রশিক্ষণের বাইরে হাতে কলমে শিক্ষণীয় যার বানিজ্যিক চাহিদা রয়েছে এ ধরনের বিভিন্ন হস্তশিল্প তৈরিসহ অন্যান্য প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে। উক্ত প্রশিক্ষণসমূহ উপজেলা/জেলা পর্যায়ে ট্রেড ভিত্তিক ০৩ (তিন)/০৫ (পাঁচ)/১৫ (পনের)/৩০ (ত্রিশ) দিন মেয়াদী প্রশিক্ষণ প্রদান করা যাবে। স্থানীয় পর্যায়ে অভিজ্ঞ/পুরস্কার প্রাপ্ত/প্রফেশনাল ব্যক্তিদের মাধ্যমে প্রশিক্ষণ দিতে হবে।

এমতাবস্থায়, প্রকল্পের সুফলভোগী সদস্যদের উপরোক্ত প্রশিক্ষণের মাধ্যমে আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টির লক্ষ্যে উপজেলা/জেলা পর্যায়ে প্রশিক্ষণ আয়োজনের সম্ভাবতা যাচাইপূর্বক বাজেট বিভাজনসহ প্রস্তাব প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ সম্ভাব্য আইজিএ ট্রেডের নামের তালিকা।


প্রকৌশলী মোহাম্মদ রাশেদুল আলম
প্রকল্প পরিচালক (IRESPPW)
বিআরডিবি, ঢাকা।
ফোন নং-০২-৮১৮০১৪৪


উপপরিচালক
বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
-----জেলা।

স্মারক নং-৪৭.৬২.০০.০০.৯৬১.০০.৭৭০.১৪-

তারিখঃ ২৩/০৩/২০১৫ খ্রিঃ

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)ঃ-

১. পরিচালক (সরেজমিন), বিআরডিবি, ঢাকা।
২. প্রোগ্রামার, ইরেসপো, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৩. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা (প্রকল্পভূক্ত সকল)।
৪. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৫. অফিস কপি/সংশ্লিষ্ট নথি।


মোঃ আবুল কালাম
উপ-প্রকল্প পরিচালক (প্রশাঃ ও প্রশিঃ)
ইরেসপো, বিআরডিবি, ঢাকা।
ফোন নং-০২-৮১৮০১৪৪

প্রশিক্ষণের জন্য বিবেচ্য আইজিএ এর তালিকা

- ১। নকশী কাঁথা তৈরি;
- ২। জায়নামাজ তৈরি;
- ৩। শীতল পাটি তৈরি;
- ৪। ব্লক ও বাটিকের কাজ;
- ৫। উলের কাজ;
- ৬। মাটির অলংকার তৈরি;
- ৭। মাটির হাড়ি পাতিল তৈরি;
- ৮। পাপোস তৈরি;
- ৯। টুপি তৈরি;
- ১০। মাটির শোপিস তৈরি;
- ১১। শোলার শোপিস তৈরি;
- ১২। বাঁশ ও বেতের কাজ;
- ১৩। হাত পাখা তৈরি;
- ১৪। ছবি বাঁধাই;
- ১৫। বাদ্যযন্ত্র তৈরি;
- ১৬। স্ক্রীন প্রিন্ট;
- ১৭। বই বাঁধাই;
- ১৮। ঝাড়ু তৈরি;
- ১৯। কাগজের ঠোঙ্গা/বাক্স/প্যাকেট তৈরি;
- ২০। খেলনা তৈরি;
- ২১। পুতির জিনিস তৈরি;
- ২২। কাপড়ের ফুল তৈরি;
- ২৩। দড়ি তৈরি;
- ২৪। প্লাস্টিকের ফুল/শোপিস তৈরি।
- ২৫। সরিষার তৈল উৎপাদন;
- ২৬। মধু উৎপাদন;
- ২৭। আচার তৈরি;
- ২৮। জেলি তৈরি;
- ২৯। মুড়ি তৈরি;
- ৩০। ঘি তৈরি;
- ৩১। দই/মিষ্টি তৈরি;
- ৩২। শুটকী তৈরি;
- ৩৩। চিড়া তৈরি;
- ৩৪। পিঠা তৈরি;
- ৩৫। পাটজাত সামগ্রী তৈরি।

বিঃ দ্রঃ উক্ত তালিকার বাহিরে স্থানীয় চাহিদা ও প্রাপ্যতার ভিত্তিতে অন্য কোন বিষয়ে প্রশিক্ষণের প্রস্তাব থাকলে বিবেচনা করা হবে।